

উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : শর্মিলা রোজারিও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।

তারিখ : ১৬-০৮-২০২১ খ্রি:

সময় : দুপুর ১২:০০ টা হতে দুপুর ০১:১৫ টা।


স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	পরিবেশ ও বন কমিটির সভা	উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তা সভায় জানান যে, কালীগঞ্জ বন বিটে এবং সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রের অধীন সংরক্ষিত বনে ও সৃজিত স্ট্রীপ বাগানে এ মাসে কোন বন অপরাধ সংঘটিত হয়নি। তিনি আরও জানান, কালীগঞ্জ উপজেলায় ২১ টি করাত কল চালু রয়েছে। তার মধ্যে ১২ টির লাইসেন্স আছে। বৈধভাবে পরিচালিত। বাকি ০৯ টি অবৈধভাবে লাইসেন্স বিহীন পরিচালনা করে আসছে। উক্ত ০৯ টি অবৈধ করাত কল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করাসহ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌচাক এসএফএনটিসি

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৬.০৮.২১
(শর্মিলা রোজারিও)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

কালীগঞ্জ, গাজীপুর।